




## মামলা ছাড়াও ‘আওয়ামী সন্ত্রাসীদের’ ধরতে নির্দেশ স্বরাষ্ট্র উপদেষ্টার



সংগৃহীত ছবি

সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত আওয়ামী লীগের নেতাকর্মীদের বিরুদ্ধে মামলা না থাকলেও তাৎক্ষণিকভাবে আইনের আওতায় আনার নির্দেশ দিয়েছেন অন্তর্বর্তী সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টা লে. জে. (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। একই সঙ্গে নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়ার সতর্কবার্তা দেন তিনি।

বুধবার বিকেলে নারায়ণগঞ্জে বিকেএমইএ ভবনে একটি অনুষ্ঠান শেষে ছাত্রনেতাদের সঙ্গে আলাপে তিনি এ কথা বলেন। ছাত্র প্রতিনিধিরা অভিযোগ করেন, মামলা না থাকার অজুহাতে আওয়ামী লীগের সন্ত্রাসীদের গ্রেফতার করা হচ্ছে না। এ সময় উপস্থিত জেলা পুলিশ সুপারকে সামনে ডেকে স্বরাষ্ট্র উপদেষ্টা স্পষ্ট নির্দেশনা দেন—সন্ত্রাসী পরিচয় নিশ্চিত হলে মামলা থাকুক বা না থাকুক, গ্রেফতার করতে হবে।

ছাত্রনেতারা লুট হওয়া অস্ত্র উদ্ধার, রাজনৈতিক প্রভাবমুক্ত পুলিশ ও বিচার ব্যবস্থা, সীমান্ত নিরাপত্তা জোরদারসহ একাধিক দাবি উত্থাপন করেন। স্বরাষ্ট্র উপদেষ্টা এসব দাবিকে যৌক্তিক উল্লেখ করে জানান, কয়েকটি বিষয়ে ইতোমধ্যে কার্যক্রম শুরু হয়েছে।

ওসমান হাদির ওপর হামলার প্রসঙ্গে তিনি বলেন, মূল অভিযুক্ত এখনো ধরা না পড়লেও ঘটনায় ব্যবহৃত অস্ত্র উদ্ধার করা হয়েছে এবং এক সহযোগীকে গ্রেফতার করে রিমান্ডে নেওয়া হয়েছে। এ বিষয়ে জেলা পুলিশ সুপার জানান, নারায়ণগঞ্জজুড়ে নিরাপত্তা অভিযান ও চেকপোস্ট কার্যক্রম অব্যাহত রয়েছে।